আজকের কাগজ

তারিখ 03 NOV 1992
পৃষ্ঠা ২ কলাম ৬

115

# ছাত্রঐক্য নেতাদের ক্ষতিগ্রস্ত আহমদীয়া মসজিদ পরিদর্শন

গণতান্ত্রিক ছাত্রঐক্যের কেন্দ্রীয় নেতারা গতকাল বকশীবাজারের ক্ষতিগ্রস্ত আহমদীয়া মসজিদ পরিদর্শন করেন এবং আহত ইমামসহ উপস্থিত আহমদীয়া সম্প্রদায়ের অন্যান্য নেতাদের সমবেদনা জানান।

পরিদর্শনের শেষে জনতা ও মুসল্লীদের উদ্দেশে নেতারা বলেন, ধর্মের নামে মসজিদে হামলা, মুসল্লীদের আঘাত, লুটপাট ও পবিত্র কোরানসহ ধর্মীয় গ্রন্থ পুড়িয়ে ফেলা বর্বরতা ও পৈশাচিকতা ছাড়া কিছুই না। ধর্মের নামে অন্যের ধর্মীয় বিশ্বাসে আঘাত করা, কাউকে অমুসলিম ঘোষণা করার অধিকার কারো নেই। বক্তরা আরো বলেন, '৫০ সালে কুখ্যাত মওদুদী তৎকালীন পশ্চিম পাকিস্তানে কাদিয়ানীদের অমুসলীম ঘোষণা করেন এক ফতোয়া দিয়ে রক্তক্ষয়ী দাঙ্গাসৃষ্টির অপরাধে তৎকালীন পাকিস্তান সরকার মওদুদীকে মৃত্যু দন্ডাদেশ প্রদান করে। বক্তরা মসজিদে হামলাকে মওদুদীবাদীদের ষড়যন্ত্রের অংশ বলে চিহ্নিত করেন। খবর বিজ্ঞপ্তি।